

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬০৩

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (كتاب البيوع) পরিচ্ছেদঃ ৩১. পশু ধার নেওয়ার অনুমতি

# باب فِي الرُّحْصَةِ فِي اسْتِقْرَاضِ الْحَيَوَانِ

#### আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ عَنْ مَالِكِ قِرَاءَةً عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي رَافِعٍ مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ اسْتَسْلَفَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَكْرًا فَجَاءَتْ إِبِلِّ مِنْ إِبِلِ الصَّدَقَةِ قَالَ أَبُو رَافِعٍ فَأَمَرَنِي أَنْ أَقْضِيَ الرَّجُلَ بَكْرَهُ وَسَلَّمَ بَكْرًا فَجَاءَتْ إِبِلِ إلِي إلِي الصَّدَقَةِ قَالَ أَبُو رَافِعٍ فَأَمَرَنِي أَنْ أَقْضِيَ الرَّجُلَ بَكْرَهُ فَقُلْتُ لَمْ أَجِدْ فِي الْإِبِلِ إِلَّا جَمَلًا خِيَارًا رَبَاعِيًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ لَمْ أَجِدْ فِي الْإِبِلِ إِلَّا جَمَلًا خِيَارًا رَبَاعِيًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْطِهِ إِيَّاهُ فَإِنَّ خَيْرَ النَّاسِ أَحْسَنُهُمْ قَضَاءً قَالَ عَبْد اللَّهِ هَذَا يُقَوِّي قَوْلَ مَنْ يَقُولُ الْمَنْ يَقُولُ الْحَيَوَانِ الْحَيَوَانِ الْحَيَوَانِ الْحَيَوَانِ إلْمُ الْحَيَوانِ الْمُعَلِيقِ الْمُ الْحَيْوانِ الْمُعَلِّمُ الْمُ الْمُ الْمُ عَلَيْهِ اللّهِ عَذَا لُكُورِي قَوْلَ مَنْ يَقُولُ اللّهِ الْمُنَاعُ اللّهُ عَلَيْهِ وَالْعَلَى اللّهُ الْمُلَالَةِ مَلَى اللّهُ عَلَيْهِ وَاللّهُ اللّهُ عَلَالَ عَبْد اللّهِ هَذَا يُقَوِّي قَوْلَ مَنْ يَقُولُ اللّهُ الْمُنْ اللّهُ الْمُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الْمُلْ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللللهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ الللللهُ الللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللللهُ الللللهُ اللللهُ الللهُ الللهُ اللللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ اللّهُ اللللهُ اللهُ الللللهُ الللهُ اللهُ اللللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ اللللهُ اللللهُ اللهُ الللهُ اللللهُ الللهُ الللهُ اللهُ اللهُ الللهُ اللهُ الللهُ

#### বাংলা

২৬০৩. রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুক্ত দাস আবু রাফে রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির নিকট থেকে ধারে একটি উঠিত বয়সের উট কিনেন অতঃপর যাকাতের উট এলো। আবু রাফে' বলেন, তখন রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে নির্দেশ দেন যে, আমি যেন সেই লোকের উটটি পরিশোধ করি। তখন আমি বললাম, আমি তো চার বছর বা ততোধিক বয়সের উট ছাড়া আর কোন উট পাচ্ছি না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ "ওটাই তাকে দাও। কেননা লোকেদের মধ্যে সেই ব্যক্তি উত্তম যে উত্তমভাবে ঋণ পরিশোধ করে।"[1]

আবূ মুহাম্মদ বলেন, এটি ঐ লোকদের মতকে শক্তিশালী করে, যারা বলেন, পশুর বদলে পশু প্রদান (জায়েয)।

### ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মালিক, বুয়ূ ৮৯; মুসলিম, মাসাকাত ১৬০০; আহমাদ ৬/২৯০; আবূ দাউদ, বুয়ূ ৩৩৪৬; তিরমিযী, বুয়ূ



১৩১৮; নাসাঈ, বুয়ূ ৭.২৯১, কুবরা নং ৬২১০; ইবনু মাজাহ, তিজারাত ২১৮৫; শাফিঈ, আল উম্ম ৩/১১৭; আর রিসালাহ নং ১৬০৬; বাইহাকী, বুয়ূ ৬/২১, আল মারিফাহ ৭/১৯০ নং ১১৫৯৫; ইবনুল কা'নি', মুজামুস সাহাবাহ নং ৩৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ রাফি' (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন